

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ : ৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২০ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০০-আইন/২০১৭।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ৮৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদর্শ কর তফসিলের দফা ৩ এর উপ-দফা (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৩) রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত ও যুদ্ধাত্মক মুক্তিযোদ্ধাগণের মালিকানাধীন ইমারত বা জমিতে তাঁহাদের নিজস্ব বসবাসকৃত এবং শহীদ মুক্তিযোদ্ধাগণের ক্ষেত্রে তাঁহাদের পরিবারবর্গ কর্তৃক বসবাসকৃত সম্পূর্ণ অংশের উপর এবং অন্যান্য প্রকৃত মুক্তিযোদ্ধাগণের ক্ষেত্রে তাঁহাদের নিজস্ব মালিকানাধীন হোস্টিং এ অবস্থিত ইমারত বা জমির উপরস্থিতি ১,৫০০ (এক হাজার পাঁচশত) বর্গফুট আয়তন পর্যন্ত নিজস্ব বসবাসকৃত ফ্ল্যাটের উপর, হোস্টিং কর আরোপ করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, মুক্তিযোদ্ধাদের মালিকানাধীন জমি বা ইমারতের কোন অংশ বাণিজ্যিক বা ভাড়ায় বা লাভজনক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ইমারত বা জমির সংশ্লিষ্ট অংশের উপর হোস্টিং কর আরোপ করা যাইবে ।”।

২। ইহা ১ জুলাই, ২০১৭ তারিখ হইতে কার্যকর হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব ।

মোঃ মজিবর রহমান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত ।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত । website: www.bgpress.gov.bd

(৭২৪৩)
মূল্য : টাকা ৪.০০